# আজ জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশন শুরু



ছবি: সংগৃহীত

আজ মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) শুরু হচ্ছে জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশন। এ উপলক্ষে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে নেওয়া হয়েছে প্রয়োজনীয় প্রস্তুতি।

নিউইয়র্কের স্থানীয় সময় মঙ্গলবার সকালে শেষ হবে সাধারণ পরিষদের ৮০তম অধিবেশন। এরপর স্থানীয় সময় বিকেল ৩টা থেকে আনুষ্ঠানিকভাবে শুরু হবে ৮১তম অধিবেশনের কার্যক্রম।

বিশ্বের ১৯৩টি সদস্যরাষ্ট্রের প্রতিনিধি এবং বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকারপ্রধানরা এ অধিবেশনে অংশ নেবেন। এবারের আলোচনায় গুরুত্ব পাবে বিশ্বব্যাপী আস্থা পুনর্গঠন, আন্তর্জাতিক সহযোগিতা বাড়ানো, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়ন এবং জাতিসংঘ নিরাপত্তা পরিষদের সংস্কারসহ বিভিন্ন বিষয়।

এ ছাড়া বিশ্বের বিভিন্ন অঞ্চলের সংঘাত, নিরাপত্তা পরিস্থিতি ও জলবায়ু সংকট নিয়েও আলোচনা হওয়ার কথা রয়েছে। আগামী ২২ থেকে ২৮ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে বিশ্বনেতাদের অংশগ্রহণে সাধারণ বিতর্ক।

এবারের অধিবেশনে সাধারণ পরিষদ হলে প্রথম আসনে বসার সুযোগ পাচ্ছে মরক্কো। অধিবেশনকে ঘিরে নিউইয়র্ক সিটিজুড়ে নিরাপত্তাব্যবস্থাও জোরদার করা হয়েছে।